# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম)।
কৃষি ব্যাংক ভবন, ষোলশহর, চট্টগ্রাম-৪২০৩।
ফোনঃ ০২৩৩৪৪৫৩৮৯৪, ০২৩৩৪৪৫২৪৮৭
ই-মেইলঃ crmchittagongwest@krishibank.org.bd


সূত্র নং-সি,আর,এম(চট্টঃপশ্চিম)/শুদ্ধাচার-০১/২০২২-২০২৪/ ২৬ তারিখ ঃ ০৩.০৭.২০২৩ইং

## কার্যালয় স্মারক

ব্যাংকের প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর ২৮/০৯/২০২০ইং তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার/২০২০-২০২১/৫৩০(১২৫) এর নির্দেশনা অনুসারে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে আঞ্চলিক নৈতিকতা কমিটি গঠন করা হলো:

| কমিটির নাম | নাম ও অফিসিয়াল পদবী | কার্যালয়ের ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল এড্রেস |
|---|---|---|---|---|
| সভাপতি | মোঃ লকিত উল্লাহ<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)(সমন্ব) | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) | ০১৯১৩২৯৭০৯৩ | crmchittagongwest@krishibank.org.bd |
| সদস্য | মোঃ বুবেল<br>নির্বাহী প্রকৌশলী | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) | ০১৮২৭০৭২৭৬১ | crmchittagongwest@krishibank.org.bd |
| সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | আরজু আরা বেগম<br>মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) | ০১৮৬১৬২৮২১০ | crmchittagongwest@krishibank.org.bd |

২। উক্ত কমিটি প্রধান কার্যালয়ের উল্লিখিত পত্রের নির্দেশনা অনুসারে দায়িত্ব পালন করবেন।

আপনার বিশ্বস্ত

০১/০৭/২০২৩

(আরজু আরা বেগম)
মুখ্য কর্মকর্তা

সংশ্লিষ্ট কর্মকর্তা:

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম)।
কৃষি ব্যাংক ভবন, ষোলশহর, চট্টগ্রাম-৪২০৩।
ফোনঃ ০২৩৩৪৪৫৩৮৯৪, ০২৩৩৪৪৫২৪৮৭
ই-মেইলঃ crmchittagongwest@krishibank.org.bd

সূত্র নং-সি,আর,এম(চট্টঃপশ্চিম)/শুদ্ধাচার-০১/২০২৩-২০২৪/ ২৬

তারিখ ঃ ০৩.০৭.২০২৩ইং

## কার্যালয় স্মারক

ব্যাংকের প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর ২৮/০৯/২০২০ইং তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার/২০২০-২০২১/৫৩০(১২৫) এর নির্দেশনা অনুসারে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে আঞ্চলিক নৈতিকতা কমিটি গঠন করা হলো:

| কমিটির নাম | নাম ও অফিসিয়াল পদবী | কার্যালয়ের ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল এড্রেস |
|---|---|---|---|---|
| সভাপতি | মোঃ লকিত উল্লাহ<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)(সমব্য) | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) | ০১৯১৩২৯৭০৯৩ | crmchittagongwest@krishibank.org.bd |
| সদস্য | মোঃ রুবেল<br>নির্বাহী প্রকৌশলী | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) | ০১৮২৭০৭২৭৬১ | crmchittagongwest@krishibank.org.bd |
| সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | আরজু আরা বেগম<br>মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) | ০১৮৬১৬২৮২১০ | crmchittagongwest@krishibank.org.bd |

২। উক্ত কমিটি প্রধান কার্যালয়ের উল্লিখিত পত্রের নির্দেশনা অনুসারে দায়িত্ব পালন করবেন।

আপনার বিশ্বস্ত

০৩/০৭/২০২৩
(আরজু আরা বেগম)
মুখ্য কর্মকর্তা

সংশ্লিষ্ট কর্মকর্তা:

# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম)।

কৃষি ব্যাংক ভবন, ষোলশহর, চট্টগ্রাম-৪২০৩।

ফোনঃ ০২৩৩৪৪৫৩৮৯৪, ০২৩৩৪৪৫২৪৮৭

ই-মেইলঃ crmchittagongwest@krishibank.org.bd


## জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) এর 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) এর নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরে ১ম সভা মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব মোঃ লকিত উল্লাহ এর সভাপতিত্বে ০৩.০৭.২০২৩ইং বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ

ক) জনাব মোঃ রুবেল, নির্বাহী প্রকৌশলী, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পশ্চিম) ও সদস্য।

খ) জনাব আরজু আরা বেগম, মুখ্য কর্মকর্তা , বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পশ্চিম), সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব বিশদ বর্ণনার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞান হলো সফলতার বা উন্নয়নের অন্যতম শর্ত। তবে এর নেতিবাচক প্রভাব কখনোই কল্যান বয়ে আনতে পারে না। তাই দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। বর্তমানে রাষ্ট্রীয় বিভিন্ন খাতের পাশাপাশি ব্যাংকিং খাতেও নানামুখী দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভার সিদ্ধান্ত গৃহীত হয়; যার বিবরণ নিম্নরূপঃ

১) ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী জীবনের সকল ক্ষেত্রে তথা বিকেবি'র কর্মপরিসরে শুদ্ধাচার চর্চায় সচেষ্ট হতে হবে।

২) আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যেকোন বিষয়ে অনিয়ম পরিলক্ষিত হলে তা চিহ্নিতকরণের উপায় হিসেবে দৃষ্টিগোচর স্থানে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। যে সকল শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, সে সকল শাখাকে যত দ্রুত সম্ভব অভিযোগ বাক্স স্থাপন করতে হবে।

৩) খেলাপী ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে বিশেষ কর্মসূচি চলমান রাখতে হবে ও এ বিষয়ে কৌশলগত পরিকল্পনা বাস্তবায়ন জোরদার করতে হবে।

৪) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতিটি শাখাকে ডিজিটালাইজড করার বিষয়ে প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা এবং শাখা সমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীরা আধুনিক প্রযুক্তি বিশেষ করে কম্পিউটার পরিচালনায় ভীতি/অনীহা দূর করে আন্তরিকতার সাথে স্বউদ্যোগে দক্ষ হতে সচেষ্ট হবেন।

৫) সংশ্লিষ্ট সকলে সততার সাথে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করবেন।

৬) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শাখা ব্যবস্থাপকগণ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিকেবি মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন। এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মুখ্য কর্মকর্তা, বিকেবি মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম) কে আরও তৎপর হতে হবে।

৭) নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শাখা পরিদর্শন শতভাগ নিশ্চিত করতে হবে

৮) অঞ্চলাধীন সকল শাখায় গণশুনানী বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।

৯) শাখা পর্যায়ে সকল গ্রাহকদের সাথে সৌজন্যমূলক ও আন্তরিক মনোভাব পোষন করে ব্যাংকের দায়িত্ব পালন করতে হবে, যাতে ব্যাংকের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়।

১০) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-০২

<u>সিদ্ধান্তঃ</u>

ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আওতায় নির্ধারিত ছকে আঞ্চলিক কার্যালয়ের কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে। (কার্যকারন: সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী কর্মকর্তা বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম)।

খ) সার্বিকভাবে অর্থপ্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সকলকে বিভিন্ন ডিপোজিট স্কীমসহ সঞ্চয়ী ও চলতি হিসাব খুলে আমানত সংগ্রহ জোরদার করার বিষয়ে প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।

সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

| | | |
|---|---|---|
| 03/07/2023 | 03/07/23 | 06/07/2023 |
| (আরজু আরা বেগম)<br>মুখ্য কর্মকর্তা<br>বিকেবি,<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>চট্টগ্রাম (পশ্চিম)<br>ও<br><u>ফোকাল পয়েন্ট কর্মকর্তা</u> | (মোঃ রুবেল)<br>নির্বাহী প্রকৌশলী<br>বিকেবি,<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>চট্টগ্রাম (পশ্চিম)<br>ও<br><u>সদস্য</u> | (মোঃ লকিত উল্লাহ)<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)<br>(সহকারী মহাব্যবস্থাপক),<br>বিকেবি,<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়,<br>চট্টগ্রাম (পশ্চিম)<br>ও<br>সভাপতি |

সূত্র নং-শুদ্ধাচার-০১/২০২৩-২০২৪/ ২৪ — তারিখ: ০৩.০৭.২০২৩ইং

<u>অবগতি ও কার্যকরনে অনুলিপিঃ-</u>

১। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য অঞ্চল, চট্টগ্রাম(পশ্চিম)।

03/07/2023

(আরজু আরা বেগম)
<u>মুখ্য কর্মকর্তা</u>